বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

# সারিয়াকান্দি পৌরসভা কার্যালয়

সারিয়াকান্দি, বগুড়া।

ফোন: ০২৫৮৯৯০৯৯৮৬, মোবাইল নং- ০১৭১৬৮২৫২৭২

E-mail: sariakandipourasava@gmail.com Web: www.sariakandipourashava.gov.bd

মুজিববর্ষ ১০০

"উন্নয়নের গণতন্ত্র শেখ হাসিনার মূলমন্ত্র"

স্মারক নং সাকাপ/প্রঃবিঃ/হাট-বাজার/২০২৪/ ২৬৪ তারিখঃ ২২-০১-২০২৪ ইং ।

## হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সারিয়াকান্দি পৌরসভার অন্তর্ভূক্ত সারিয়াকান্দি হাট-বাজারটি বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হইতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদী অস্থায়ী ভাবে ইজারা বন্দোবস্ত দেওয়ার নিমিত্তে নিম্নোক্ত ক্যালেন্ডার অনুযায়ী শর্ত সাপেক্ষে সীল মোহর কৃত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে।

| দফা নং | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ, সময় | সিডিউলের মূল্য (প্রতিবার) | বিগত তিন বৎসরের গড় মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ম দফা | ০৭/০২/২০২৪ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৮/০২/২০২৪ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ০৮/০২/২০২৪ বেলা ৩.০০ ঘটিকা পর্যন্ত | ৬,৬০০/- | ২৮,৬৫,৭১০/- | উল্লেখিত ক্যালেন্ডার অনুযায়ী দরপত্র আহ্বান অব্যাহত থাকিবে। তবে কোন দফায় দাখিল কৃত দর গৃহীত হইলে পরবর্তী দফা সমূহের সকল কার্যক্রম বাতিল হইয়াছে বলিয়া গন্য হইবে। |
| ২য় দফা | ২৮/০২/২০২৪ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৯/০২/২০২৪ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ২৯/০২/২০২৪ বেলা ৩.০০ ঘটিকা পর্যন্ত | | | |
| ৩য় দফা | ১৮/০৩/২০২৪ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৯/০৩/২০২৪ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ১৯/০৩/২০২৪ বেলা ৩.০০ ঘটিকা পর্যন্ত | | | |
| ৪র্থ দফা | ০৩/০৪/২০২৪ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৪/০৪/২০২৪ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ০৪/০৪/২০২৪ বেলা ৩.০০ ঘটিকা পর্যন্ত | | | |

সংক্ষিপ্ত শর্তবলীঃ

১। অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন ব্যতিত) নির্ধারিত মূল্যে (অফেরৎ যোগ্য) (ক) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা) বগুড়া, (খ) উপজেলা নির্বাহী অফিসার, সারিয়াকান্দি, বগুড়া (গ) নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ের হিসাব শাখা হইতে ইজারার দরপত্র ক্রয় করা যাইবে।

২। দরপত্র সমূহ (ক) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা) বগুড়া, (খ) নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাইবে এবং সকল দরপত্র পৌরসভা কার্যালয়ে একত্র করে নির্ধারিত সময়ে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

৩। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দরদাতার দরপত্র গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তবে ক্যালেন্ডার অনুযায়ী দরপত্র কার্যক্রম অব্যাহত থাকবে। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

৪। **দাখিলকৃত দর ১০০% অর্থ যে কোন তফসিলী ব্যাংক হতে মেয়র, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া- শিরোনামে ব্যাংক ড্রাফট/ বিডি/পে-অর্ডার আকারে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে এবং দাখিলকৃত দর গৃহিত হইলে ইজারা মূল্যের ১৫% ভ্যাট, ১০% আয়কর এবং ৫% জামানত বাবদ অর্থ ইজারা প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট খাতে জমা প্রদান করিতে হইবে। তবে শর্ত থাকে যে, ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে, উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে জামানতের অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হইবে।**

৫। দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট-আয়কর ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

৬। জেলা প্রশাসক, বগুড়া মহোদয় কর্তৃক অনুমোদিত টোল আদায়ের তালিকা অনুযায়ী ইজারাদারকে টোল আদায় করতে হবে। কোন অবস্থাতেই অতিরিক্ত টোল আদায় করা যাবে না। টোল আদায়ের তালিকা হাট-বাজারের বিভিন্ন স্থানে জনসাধারনের জ্ঞাতার্থে ইজারাদার কর্তৃক প্রদর্শনের ব্যবস্থা রাখতে হবে। নির্ধারিত হারের চেয়ে বেশী টোল আদায় করা হইলে ও এই ইজারাদার কর্তৃক দৃশ্যমান স্থানে টোল আদায়ের হার প্রদর্শনে ব্যর্থ হলে ইজারা চুক্তি বাতিল করা হবে ।

৭। গৃহিত দরের সমুদয় অর্থ পরিশোধের পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে পৌর কর্তৃপক্ষের সাথে =৩০০/- (তিনশত) টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্পে ইজারাদারকে চুক্তি সম্পাদন করতে হবে। সরকার কর্তৃক জারিকৃত হাট-বাজার ইজারা সংক্রান্ত নীতি মালা সমূহ দরদাতা/ইজারাদার মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

৮। কোন কারণে ১লা বৈশাখ হতে ইজারা প্রদান না করা গেলে যে তারিখ হতে ইজারা হবে সে তারিখ পর্যন্ত ইজারা মূল্য হতে উক্ত সময়ের টাকা হাড়াহাড়ি করে বাদ যাবে।

৯। কোন কারণ দর্শানো ব্যতিত যে কোন বা সকল দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২২/১/২৪

(মোঃ মতিউর রহমান)
মেয়র
সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

স্মারক নং সাকাপ/প্রঃবিঃ/হাট-বাজার/২০২৪/ ২৬৪ তারিখঃ ২২-০১-২০২৪ ইং।

অনুলিপি:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, রাজশাহী।

৩। জেলা প্রশাসক, বগুড়া।

৪। উপজেলা নির্বাহী অফিসার, সারিয়াকান্দি, বগুড়া।

৫। সহকারী কমিশনার (ভূমি), সারিয়াকান্দি, বগুড়া।

৬। কাউন্সিলর (সকল), সারিয়াকান্দি, বগুড়া।

৭। পৌর নির্বাহী কর্মকর্তা/ সহকারী প্রকৌশলী ও সকল শাখা প্রধান, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

৮। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক..........................................................। তাঁকে বিজ্ঞপ্তি খানা তার পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে একদিন প্রকাশ করিয়া ০২(দুই) প্রস্থ বিল অত্র দপ্তরে প্রেরনের জন্য অনুরোধ জানানো হইল।

৯। নোটিশ বোর্ড, অত্র পৌরসভা।

১০। সংশ্লিষ্ঠ নথি।

২২/১/২৪

(মোঃ মতিউর রহমান)
মেয়র
সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।